দৈনিক ইত্তেফাক

তারিখ ৮/৪/৯৪ … …
পৃষ্ঠা ২ কলাম [illegible] ……

12



# ডঃ শহীদউদ্দিন আহমদ ঢাকা ভার্সিটির প্রো-ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ডঃ শহীদ উদ্দিন

(শেষ পৃ: ৩-এর ক: দ্রঃ)

## প্রো-ভিসি

(১ম পৃঃ পর)

আহমদকে আগামী ৪ বছরের জন্য ঢাকা বিশ্ববিদালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগ করিয়াছেন। গতকাল (বুধবার) তিনি দায়িত্বভার গ্রহণ করেন। গত ১৭ই ডিসেম্বর সাবেক প্রো-ভিসি প্রফেসর ওয়াকিল আহমেদের ৪ বছরের মেয়াদ শেষ হইলে এই পদটি শূন্য হইয়া পড়ে।

ডঃ শহীদ উদ্দিন আহমদ ১৯৪৭ সালের জানুয়ারী মাসে ফেনীতে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৭ ও ১৯৬৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে কৃতিত্বের সহিত যথাক্রমে বি, কম অনার্স ও এম, এ ডিগ্রী লাভ করেন এবং পরে লণ্ডনের ব্রুনেল বিশ্ববিদ্যালয় হইতে ব্যবস্থাপনায় পি,এইচ,ডি ডিগ্রী লাভ করেন। ডঃ আহমদ ১৯৭০ সালের জানুয়ারী মাসে ব্যবস্থাপনায় লেকচারার হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন। তিনি সূর্যসেন হলের প্রভোষ্ট এবং ১৯৭৩ ও ১৯৯১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের নির্বাচিত সদস্য ছিলেন। তিনি কয়েকটি পাঠ্যপুস্তকের একক ও যুগ্ম প্রণেতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অনেকগুলি সামাজিক সেবামূলক সংস্থার সহিত বিভিন্ন পদমর্যাদায় যুক্ত রহিয়াছেন।